52

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতেও ঘুষ!

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে আসা নবাগত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকরা ব্যাপক হয়রানির শিকার হচ্ছেন। বিশ্ববিদ্যালয়ের একশ্রেণীর কর্মকর্তা ও কর্মচারী তাদের কাছে ঘুষ দাবি করছেন।

গতকাল সোমবার ভুক্তভোগী শিক্ষার্থী ও অভিভাবকরা এ অভিযোগ করেছে। শিক্ষার্থী ও অভিভাবকরা জানায়, প্রশাসনিক অফিসে ঘুষ দেয়া ছাড়া কর্মকর্তা ও কর্মচারীরা ফরম ছাড়ে না এবং মেডিক্যালেও ঘুষ দেয়া ছাড়া চেক আপ- সার্টিফিকেট দিচ্ছে না। শিক্ষার্থীরা ক্ষোভের সাথে বলে, ঘুষ না দিলে ফরম নিতে ৩/৪ দিন পরে আসতে বলে এবং ঘুষ দিলে আধা ঘণ্টার মধ্যেই সব কাজ কর্মকর্তা ও কর্মচারী করে দেয়।

উল্লেখ্য, গত ৩ আগস্ট থেকে সম্মান প্রথমবর্ষ ভর্তি শুরু হয়েছে এবং চলবে ১২ আগস্ট পর্যন্ত।